গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

# উপজেলা এনজিও সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : **শরীফ শাওন**<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | সকাল ১২.৩০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ২৬/০১/২০২৬ খ্রি. |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

## সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

**আলোচ্যসূচিঃ**

- ✓ **উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র পরিচিতি ;**
- ✓ **সক্রিয় বে-সরকারি সংস্থা বা এনজিও'র কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনা;**
- ✓ **বিবিধ;**

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আলোচনা শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর ও সদস্য-সচিবকে অনুরোধ জানানো হয়। অতঃপর তিনি আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, প্রধান উপদেষ্টার কার্যালয়ের ২৭/০২/২০২৫ খ্রি. তারিখের ৫৬ সংখ্যক পরিপত্র মোতাবেক 'বাংলাদেশে কর্মরত বৈদেশিক সাহায্যপুষ্ট বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী'র অনুচ্ছেদ ৯ অনুসারে উপজেলা এনজিও সমন্বয় কমিটি গঠন ও তাঁর কার্যবলী বিবৃত রয়েছে। এছাড়া এনজিও এফেয়ার্স ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৫ নভেম্বর ২০২১ খ্রি. তারিখের ২১৮ সংখ্যক পরিপত্র মোতাবেক উপজেলা এনজিও সমন্বয় কমিটি গঠন করা হয়। উক্ত নির্দেশনা মোতাবেক অত্র উপজেলায় কর্মরত বা কার্যক্রম পরিচালনা করেন এমন সকল এনজিও বা বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধি, ও কমিটির সদস্যদের নিয়ে প্রতিমাসে 'সমন্বয় সভা' আয়োজন আবশ্যক। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রধান উপদেষ্টার কার্যালয়ের ২৭/০২/২০২৫ খ্রি. তারিখের ৫৬ সংখ্যক পরিপত্র মোতাবেক প্রতিমাসে অত্র উপজেলায় কমিটির সদস্যদের নিয়ে নিয়মিত সমন্বয় সভা আয়োজনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, উল্লিখিত পরিপত্রের ৯ (১০) নং অনুচ্ছেদ মোতাবেক প্রতিমাসে এনজিও কর্তৃক সম্পাদিত তাঁদের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন "ফরম-৪" মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিলের নির্দেশনা রয়েছে। অত্র উপজেলায় এনজিও সমূহের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে ফরম-৪ মোতাবেক পাওয়া যায় না। ফলে তাঁদের কার্যক্রম মনিটরিং করার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। সভায় অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র মাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরমে দাখিলের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকল এনজিও প্রতিনিধিদের মতামত আহবান করা হয়। | অত্র উপজেলায় সক্রিয় / কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র মাসিক অগ্রগতির প্রতিবেদন (তাঁদের সম্পাদিত কার্যাবলীর) নির্ধারিত ফরম-৪ অনুসারে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। ব্যবস্থাপক, (সকল এনজিও) সদরপুর, ফরিদপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, অত্র উপজেলায় উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী, সক্রিয় সকল এনজিও'র তালিকা উপজেলা নির্বাহী অফিসার বা উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে সংরক্ষিত না থাকায় সরকারি নির্দেশনা মোতাবেক এনজিও'র কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ ও মনিটরিং সম্ভব হয়না। উপজেলা নির্বাহী অফিসার ও সভার সভাপতি বলেন যে, অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র পরিচিতি বা কারা /কী ধরনের কার্যাবলীর সাথে সম্পৃক্ত সেটির তথ্য আবশ্যক। এনজিও'র কার্যাবলী ও সংশ্লিষ্ট বিষয়ে একই ধরনের কার্যাবলীতে যুক্ত এনজিও গুলোকে খাত ভিত্তিক পৃথকভাবে সাজালে বিভিন্ন দপ্তরের সাথে সমন্বয় করা সহজ হবে। তিনি বলেন ক্যাটাগরি অনুসারে আলাদা করার পূর্বে এনজিও সমূহের কার্যাবলীর পরিচিতি তাঁর কার্যালয়ে দাখিল হওয়া জরুরী বলে অভিমত ব্যক্ত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র পরিচিতি বা কারা / কী ধরনের কার্যাবলীর সাথে সম্পৃক্ত সেটির তথ্য উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক সরবরাহকৃত ছকে আগামী সভার পূর্বেই উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর।<br><br>০২। সকল ব্যবস্থাপক, প্রতিনিধি-এনজিও, সদরপুর। |
| ০৪ | কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সদরপুরের এনজিও কার্যক্রমসমূহকে ক্যাটাগরি ভিত্তিক বিভিন্ন খাতে ভাগ করা যায়। জনস্বাস্থ্য সংক্রান্ত, সামাজিক সুরক্ষা, শিক্ষা সংক্রান্ত, কৃষি ও প্রাণী সম্পদ, মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ ও দরিদ্র্য বিমোচন কর্মসূচি ভিত্তিক যেসব বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা কার্যক্রম পরিচালনা করেন তাঁদের কার্যাবলীর পরিচিত পেলে আগামী সভায় "ক্যাটাগরি" ভিত্তিক বিভিন্ন ভাগে আলাদাভাবে সংশ্লিষ্ট সরকারি দপ্তরের অধীন কার্যক্রম পর্যবেক্ষণ করা যায়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এনজিও সমূহের কার্যক্রমভিত্তিক পরিচিতি প্রাপ্তি সাপেক্ষে সরকারি দপ্তরের সাথে সমন্বয় করে কার্যক্রমের ক্যাটাগরি অনুসারে পৃথক পৃথক দলে বিভাজনের মাধ্যমে তাঁদের কার্যক্রমের অগ্রগতি মনিটরিং ও পর্যবেক্ষণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |
| ০৫ | <u>বিবিধ:</u><br>সভায় বিবিধ আলোচনায় উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় সরকারি অনুমোদন ব্যতীত সক্রিয় কোন এনজিও বা সংস্থা কার্যক্রম পরিচালনা করেন কিনা সেটি যাচাই এবং মনিটরিং করা আবশ্যক। বিশেষভাবে ভুঁইফোড়, নাম সর্বস্ব এবং অনুমোদনবিহীন এনজিও গুলো সাধারণ মানুষকে ধোঁকা দিয়ে পুঁজি সংগ্রহ করে উধাও হয়ে যাবার অনেক ঘটনা পত্রিকা মারফত জানা যায়। অত্র উপজেলায় এমন ভূয়া কোন এনজিও সর্বসাধারণের সাথে যাতে কোন ভাবেই প্রতারণা করতে না পারেন, বা ভুঁইফোড় কোন এনজিও কার্যক্রম পরিচালনা করেন কিনা সেটি সতর্কভাবে পর্যবেক্ষণ করা আবশ্যক। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অত্র উপজেলায় সরকারের অনুমোদনহীন, ভুঁইফোড় কোন এনজিও কার্যক্রম পরিচালনা করেন কিনা সেটি সরেজমিন মনিটরিং পূর্বক দ্রুততম সময়ের মধ্যে কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও অন্যান্য অনুমোদিত এনজিও প্রতিনিধিদের দায়িত্ব প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, সদরপুর।<br><br>০২। প্রতিনিধি (সকল) অনুমোদিত এনজিও, সদরপুর, ফরিদপুর। |

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/১/২৫

(শরীফ শাওন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও সমন্বয় কমিটি
সদরপুর, ফরিদপুর

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- ৩৬

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. পরিচালক (কার্যক্রম) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদ পুর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ফরিদপুর।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৬. উপজেলা ................................. কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর।
৭. চেয়ারম্যান...................ইউনিয়ন পরিষদ (সকল) সদরপুর, ফরিদপুর।
৮. ব্যবস্থাপক/প্রতিনিধি, (সকল) এনজিও/স্বেচ্ছাসেবী সংস্থা, সদরপুর, ফরিদপুর।
৯. জনাব, ...................................... সদরপুর, ফরিদপুর।
১০. অফিস কপি/নোটিশ বোর্ড।

২৬/০১/২০২৬

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
উপজেলা এনজিও সমন্বয় কমিটি
সদরপুর, ফরিদপুর
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

CamScanner